

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

باب فِي صَلَاةِ اللَّيْلِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي نَمِرٍ، عَنْ كُرَيْبٍ، عَنِ الْفَضْلِ بْنِ عَبَّاسٍ، قَالَ: بِتُ لَيْلَةً عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم لأَنْظُرَ كَيْفَ يُصلِّي، فَقَامَ فَتَوَضَّا ثُمَّ صللًى رَكْعَتَيْنِ قِيَامُهُ مِثْلُ رُكُوعِهِ، عليه وسلم لأَنْظُر كَيْفَ يُصلِّي، فَقَامَ فَتَوَضَّا ثُمَّ صللًى رَكْعَتَيْنِ قِيَامُهُ مِثْلُ رُكُوعِهِ، وَرُكُوعُهُ مِثْلُ سُجُودِهِ، ثُمَّ السْتَيْقَظَ فَتَوَضَّا وَالسْتَنَّ ثُمَّ قَرَأَ بِخَمْسِ آياتٍ مِنْ آلِ عِمْرَانَ ( إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ) فَلَمْ يَزَلْ يَفْعَلُ هَذَا عِمْرَانَ ( إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ) فَلَمْ يَزَلْ يَفْعَلُ هَذَا عَتَى صلَلَى عَشْرَ رَكَعَاتٍ، ثُمَّ قَامَ فَصلَلَى سَجْدَةً وَاحِدَةً فَأَوْتَرَ بِهَا، وَنَادَى الْمُنَادِي عِنْدَ حَتَّى صلَلَى عَشْرَ رَكَعَاتٍ، ثُمَّ قَامَ فَصلَلَى سَجْدَةً وَاحِدَةً فَأُوثَرَ بِهَا، وَنَادَى الْمُنَادِي عِنْدَ خَقِيفَتَيْن، ثُمَّ جَلَسَ حَتَّى صلَى الله عليه وسلم بَعْدَ مَا سَكَتَ الْمُؤَدِّنُ فَصلَلَى سَجْدَتَيْنِ خَفِيفَتَيْن، ثُمَّ جَلَسَ حَتَّى صلَلَى الصَبْبَحَ

\_ ضعیف

قَالَ أَبُو دَاوُدَ : خَفِيَ عَلَىَّ مِنِ ابْنِ بَشَّارٍ بَعْضُهُ

#### বাংলা

১৩৫৫। আল-ফাদল ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, স্বচক্ষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাত আদায়ের পদ্ধতি অবলোকনের উদ্দেশে আমি একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রাত যাপন করি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ঘুম থেকে উঠে অযু করে দু' রাক'আত সালাত আদায় করলেন। তাঁর দাঁড়ানোর দীর্ঘতা ছিল তাঁর রুকৃ'র সমান এবং তাঁর রুকৃ'র দীর্ঘতা ছিলো তাঁর সাজদার সমান।



অতঃপর তিনি কিছুক্ষণ ঘুমিয়ে আবার সজাগ হয়ে অযু ও মিসওয়াক করে সূরাহ আল 'ইমরান হতে এ পাঁচটি আয়াত তিলাওয়াত করলেনঃ ''ইন্না ফি খালকিস সামাওয়াতি ওয়াল আরদি ওয়াখতিলাফিল লাইলি ওয়ান নাহারি''। এরূপে তিনি দশ রাক'আত সালাত আদায় করলেন এবং শেষে এক রাক'আত দ্বারা বিতর করলেন। এ সময় মুয়াযযিন আযান দিলে তিনি সংক্ষেপে দু' রাক'আত সালাত আদায় করে বসে থাকলেন। অতঃপর ফজরের সালাত আদায় করলেন।[1]

দুর্বল।

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, ইবনু বাশশার বর্ণিত এ হাদীসটির কিছু অংশ আমার নিকট অস্পষ্ট।

## **English**

#### Narrated Fadl b. 'Abbas:

I spent a night with the Prophet () to see how he prayed. He got up, performed ablution and prayed two rak'ahs. His standing was like his bowing (i.e. equal in duration), and his bowing was like his prostration (equal in length). Then he slept. Afterwards he awoke, performed ablution, and used tooth-stick. He then recited five verses from Surah Al-'Imran: "In the creation of the heavens and the earth and the alternation of night and day". He went on doing so till he prayed ten rak'ahs. He then stood up and prayed one rak'ah observing witr with it. In the meantime the mu'adhdhin called to prayer. The Messenger of Allah () stood up after the mu'adhdhin had kept silent. He prayed two light rak'ahs and remained sitting till he offered the dawn prayer.

Abu Dawud said: A part of the tradition transmitted by Ibn Bashshar remained hidden from me.

# ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। এর সানাদ দুর্বল। কুরাইব হাদীসটি ফাযল ইবনু 'আবআস হতে মুরসালভাবে বর্ণনা করেছেন যেমন 'আত-তাহযীব' গ্রন্থে রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ফাযল ইবনু 'আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন